

Publication:- Ekdin

Date: - 16th December 2017

Page No: - 09

Opening Ceremony of 16th The India International Mega Trade Fair (IIMTF) at Science City ground organized by The Bengal Chamber & G S Marketing

আন্তর্জাতিক ট্রেড ফেয়ারে মায়ানমার ও নেদারল্যান্ডস

নিজস্ব প্রতিবেদন: এই প্রথম মেগা ট্রেড ফেয়ারে অংশ নিতে চলেছে মায়ানমার ও নেদারল্যান্ডস। আগামী দিনে এশিয়ানের ১০টি উন্নত ও বর্ধিত দেশের মধ্যে লাওস-কম্বোডিয়া-ভিয়েতনামকে আহ্বান জানানো হবে বলে মন্তব্য করলেন রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র। শুক্রবার থেকে '১৬তম ইন্ডিয়া ইন্টারন্যাশনাল মেগা ট্রেড ফেয়ার' শুরু হল এবং চলবে ২৫ ডিসেম্বর পর্যন্ত। এই মেলা খোলা থাকবে সাধারণের জন্য সকাল ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত। এই মেলায় ১৬টি দেশ এবং ২১টি রাজ্য অংশগ্রহণ করেছে এবং ১১৫০টি স্টল রয়েছে।

এদিন ফেয়ারে উপস্থিত ছিলেন মায়ানমারের ডেপুটি ডিরেক্টর ও হান, বাংলাদেশের প্রতিনিধি সহিফুল ইসলাম, নেপালের কনস্যুল জেনারেল নারায়ণ শর্মা-সহ অন্যরা।

ফেয়ারে বক্তব্য রাখতে গিয়ে অর্থমন্ত্রী অমিত মিত্র বলেন, 'প্রতিবারের মতো এবারও আন্তর্জাতিক মেগা ট্রেড ফেয়ারের আয়োজন করা হয়েছে। তবে গতবারের ৯০০টি স্টলের সংখ্যা বেড়ে ১১৫০টি, ১৪টি দেশের বদলে ১৬টি দেশ হয়েছে। নেপাল-বাংলাদেশ-চীন- মায়ানমার-ভুটানের মতো প্রতিবেশী দেশগুলো এবং নেদারল্যান্ডস এবার অংশগ্রহণ করেছে। এরমধ্যে অংশীদার দেশ



বাংলাদেশ, ফোকাস দেশ নেপাল/নেদারল্যান্ডস এবং অংশীদার রাজ্য হিসেবে ঝাড়খন্ড/মধ্যপ্রদেশ রয়েছে। কারণ পশ্চিমবঙ্গে ব্যবসা হচ্ছে। এশিয়ানের উন্নত ও অগ্রসর লাওস-কম্বোডিয়া ও ভিয়েতনাম আগ্রহ প্রকাশ করেছে ফেয়ারে অংশগ্রহণ করার জন্য। আশা করছি আগামী বছর তাঁদের বাণিজ্য নগরীতে আনতে পারব। তার জন্য এবং ফেয়ারে আগত

ব্যবসায়ীদের রাজ্য সরকার সবরকম সহায়তা করবে।' পাশাপাশি তিনি মন্তব্য করেন, 'কলকাতা ইস রকিং অ্যান্ড ইকোনমি ইস থোয়িং। ২০১৬-১৭ সালে সার্ভিসে বৃদ্ধি হয়েছে ভারতে ৭.৭ শতাংশ, যা রাজ্যে ১১.১৯ শতাংশ। প্রতিষ্ঠানে বৃদ্ধি ৫.৬ শতাংশ (ভারতে), রাজ্যে ৭.২৪ শতাংশ এবং জিডিপি ভারতে বেড়েছে ৭.৮ শতাংশ, যা রাজ্যে ৯.২৭ শতাংশ। ভবিষ্যতে স্টলের

সংখ্যা বাড়িয়ে ২০০০, আগামী ২-৩ বছরে ২৬টি দেশ এবং ৪ লক্ষ স্কোয়ারফিট এলাকা বৃদ্ধি করে ৮ লক্ষ স্কোয়ারফিট করার পরিকল্পনা রয়েছে।' এই ফেয়ারে বিজনেস টু বিজনেস আলোচনাসভা রাখার ব্যবস্থার জন্য সরকার পক্ষে সাহায্য করা হবে এবং বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির ব্যবসায়ীদের এই সভা আয়োজনের আহ্বান জানান অর্থমন্ত্রী।

106 d, block-f
new alipore
kolkata 700 053
i n d i a

W +91 33 2445 2766
info@greymatterpr.com
www.greymatterpr.com